

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(কম্পিউটার সেল)
www.khulnadi.gov.bd

বিষয় : “খুলনা বিভাগীয় ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী।”

সভাপতি : মো: ইসমাইল হোসেন এনডিসি, বিভাগীয় কমিশনার, খুলনা।।
তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০২২ **সময়** : বেলা ১২.৪৫ টা।
স্থান : বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ, খুলনা।
(Zoom App এর মাধ্যমে)

জুম এ্যাপের মাধ্যমে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন), খুলনা এ বিভাগের সার্বিক ইনোভেশন কার্যক্রমের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন এবং সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা ও মতামত প্রদানের জন্য সবাইকে অনুরোধ করেন। সম্মানিত সদস্যগণ এ বিষয়ে তাদের গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন এবং আলোচনাত্ত্বে নিয়লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

গত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :

গত বিভাগীয় ইনোভেশন টিমের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচ্যসূচি অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যগণ সচেষ্ট আছেন মর্মে সভাকে অবহিত করা হয়।


ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	জেলায় চলমান ইনোভেশন প্রকল্পগুলো জেলা প্রশাসকগণ, অতিরিক্ত জেলা প্রশাসকগণ তদারকি করবে। তাছাড়া জেলা পর্যায়ে ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল)
২	উপজেলায় চলমান ইনোভেশন প্রকল্পগুলো সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে। উপজেলা পর্যায়ে নতুন প্রকল্প গ্রহণের জন্য অন্যান্য কর্মকর্তাদের উদ্বৃক্ত করতে হবে। তাছাড়া উপজেলা পর্যায়ে ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয় ও অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩	বিভাগীয় ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	জেলা প্রশাসক (সকল)
৪	প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে নিজ দপ্তরের গৃহীত/চলমান ইনোভেশন প্রকল্পের অগ্রগতিসহ নতুন কোন উদ্যোগ গ্রহণ করা হলে তা নিয়মিতভাবে এ কার্যালয় ও নিজ মন্ত্রণালয়/বিভাগকে প্রতিবেদন আকারে প্রেরণ নিশ্চিত করতে হবে।	খুলনা বিভাগীয় ইনোভেশন টিমের সম্মানীত সদস্যগণ ও জেলা প্রশাসক (সকল)
৫	কর্মশালার মাধ্যমে গৃহীত ইনোভেশন প্রকল্পের পাশাপাশি নিজ নিজ দপ্তরের কর্মকর্তাদেরকে বেশি বেশি ইনোভেশন উদ্যোগ গ্রহণের জন্য উৎসাহ প্রদান করতে হবে। এছাড়া প্রকল্পের মনিটরিং খুব ভালোভাবে করতে হবে। প্রতি মাসে কমপক্ষে ০৫ দিন স্ব-শরীরে ফিল্ডে উপস্থিত থেকে ফিল্ড ভিজিট করার জন্য প্রারম্ভ প্রদান করা হয়।	
৬	যে সমস্ত দপ্তরের কর্মকর্তাদের পাইলট প্রকল্প সফলভাবে সমাপ্ত হয়েছে তাদের পাইলট প্রকল্পগুলোর একটি তালিকা প্রস্তুত করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	

৭	নিজ নিজ দপ্তরের কর্মকর্তাগণকে নিয়ে প্রতি মাসে নিয়মিত পর্যালোচনা সভা ও অগ্রগতি পর্যালোচনা করতে হবে এবং পাইলট প্রকল্পের অগ্রগতি এবং সমস্যাসমূহ নিষ্পত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
৮	চলমান প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য কর্মকর্তাদেরকে উৎসাহ দান এবং নিজ দপ্তর হতে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। এছাড়া প্রকল্পের অগ্রগতি ও প্রকল্পের মেয়াদের দিকটি বিশেষভাবে খেয়াল রাখার জন্য অনুরোধ করা হয়।

বিবরিধি :

বিভাগীয় কর্মকর্তাগণকে বর্তমান করোনা পরিস্থিতিতে, অফিসের দাপ্তরিক সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়ার জন্য আরো ইনোভেশন প্রকল্প গ্রহণের উদ্যোগ নিতে হবে। ইনোভেশন কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সকল বিভাগীয় কর্মকর্তাগণের ইনোভেশন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন। তাছাড়া খুলনা বিভাগের সকল জেলা ও উপজেলা পর্যায়ের উন্নাবকদের ইনোভেশন সম্পর্কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: ইসমাইল হোসেন এন্ডিসি

বিভাগীয় কমিশনার

খুলনা।

ফোন : ০৫১-২৮৫০০৩৫(অফিস)

তারিখ : ০৪ মার্চ ২০২১ খ্রি।

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৯.০৮.০০৮.২১- ২৫

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সমষ্টি ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা।
- ০৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/ রাজস্ব/ উন্নয়ন), খুলনা।
- ০৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৬। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।
- ০৭। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ০৮। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
- ০৯। উপ-পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, খুলনা বিভাগ, যশোর।
- ১০। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
- ১১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ১২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ১৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
- ১৫। উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।



০৪/০৩/২০২১

মো: বকেল কদম্ব